# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সাম্প্রতিক সন্ত্রাসবাদের বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ একটি পূর্ন পরিকল্পিত যুদ্ধের রণনীতির কথা প্রমাণ করে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য।

২) রেল পরিকাঠামো সম্প্রসারণের বেশ কয়েকটি পদক্ষেপ সম্পর্কে আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণর সংগে আলোচনা ।

৩) চলতি বছরের ইনকাম টেক্স রিটার্নের শেষ তারিখ আগামী ৩১ শে জুলাই থেকে বৃদ্ধি করে ১৫ ই সেপ্টেম্বর করার সিদ্ধান্ত ।

এবং

৪) সরকার প্রত্যন্ত অঞ্চলে আধুনিক চিকিৎসা পরিষেবা পৌছে দিতে প্রতিশ্রুতিবদ্ধ বলে রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই এর প্রকাশ ।

-------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সম্প্রতি সন্ত্রাসবাদের বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ একটি পূর্ণ পরিকল্পিত যুদ্ধের রণনীতির কথা প্রমাণ করেছে । গুজরাটের গান্ধী নগরের মহাত্মা মন্দিরে আজ এক জনসভায় শ্রী মোদী একথা উল্লেখ করে বলেন যে গত ৬ ই মের ঘটনার পর ভারতকে প্রতিবেশী দেশের সন্ত্রাসবাদী কার্যকলাপের কোনো প্রমান দেওয়ার প্রয়োজন নেই । সীমান্তের ওপার থেকে তারা নিজেরাই প্রমান করে দিয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।তিনি বলেন যে পাকিস্তানে মৃত সন্ত্রাসবাদী কয়েকজনের কফিন জাতীয় পতাকায় ঢেকে সেলুট দিয়ে জাতীয় সম্মানে শেষকৃত্য সম্পন্ন করা হয় । একথা স্পষ্ট প্রমাণ করে যে এটি শুধু সন্ত্রাসবাদীর কার্যকলাপ নয় বরং এর সংগে সামরিক সহযোগীতা ও জড়িত রয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

শ্রীমোদী বলেন যে ভারত কারো সংগে শত্রুতা চায়না । তিনি বলেন দেশ বিশ্বের কল্যাণে প্রগতি কামনা করে ।ও সরকার লক্ষ লক্ষ ভারতবাসীর জীবন উন্নত করার জন্য সমর্পিত মনোভাব নিয়ে কাজ করে যাচ্চে । পূর্বের কিছু ভুল নীতিতে আলোকপাত করে প্রধানমন্ত্রী শ্রীমোদী যুব প্রজন্মকে জাতীয় স্বার্থের ক্ষতি করা ঐতিহাসিক সিদ্ধান্তগুলির বিষয়ে অধ্যয়ন করার আহ্বান জানান । প্রধানমন্ত্রী বলেন দেশের স্বাধীনতার ১০০ বছর সম্পূর্ন হোয়ার সময় উন্নত ভারতের দর্শন প্রাপ্তির ক্ষেত্রে কোনো আপস করা হবেনা ও প্রত্যেক ভারতবাসীকে এই স্বপ্ন অনুধাবন করে নিজের দায়িত্ব পালন করতে হবে ।

-------------------------------------------------------------------------------------

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয় আগামী ২৯ শে মে থেকে ১২ জুন পর্যন্ত সমগ্র দেশে বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করেছে । এই অভিযানের উদ্দেশ্য হচ্ছে কৃষকদের অঞ্চলভিত্তিক বহনক্ষম প্রযুক্তির বিষয়ে অবগত করা ,সার ব্যবহারের জন্য জমির স্বাস্থ্য সম্পর্কে আলোচনা ,সরকারী প্রকল্প ও নীতি সম্পর্কে তথ্য প্রচার ও ভবিষ্যত গবেষনা তথা উদ্ভাবনের জন্য কৃষকদের থেকে মতামত সংগ্রহ করা ।

-------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুন দিল্লিতে তথ্য ও সম্প্রচার ও রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে সাক্ষাৎ করে রেল পরিকাঠামো সম্প্রসারণের বেশ কিছু পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এই আলোচনায় রাজ্যে সামগ্রী পরিবহনের সমস্যা সমাধানের ক্ষেত্রে গৃহীত পদক্ষেপও স্থান লাভ করে। মুখ্যমন্ত্রী বলেন যে, রাজ্যকে পরিবহনের কেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পরিকল্পিতভাবে কাজ করে যাওয়ার ক্ষেত্রে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে পরিকাঠামোমূলক প্রকল্পগুলি নিয়েও আলোচনা করেন। ড: শর্মা রাজ্যের খনিজ সম্পদের যথাযথ ব্যবহার ও এ সম্পর্কে সহযোগিতা বৃদ্ধি- শক্তিশালী করার ক্ষেত্রে আজ নতুন দিল্লিতে কয়লা ও খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডির সঙ্গে অন্য আরেকটি বৈঠকে মিলিত হন। বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যে স্থাপন করার জন্য তাপ বিদ্যুৎ কেন্দ্রগুলির জন্য নিরবিচ্ছিন্নভাবে কয়লা সরবরাহ সম্পর্কে মন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। এছাড়া নতুন খনিজ পদার্থ খনন সম্পর্কেও বৈঠকে আলোচনা করা হয়।

-------------------------------------------------------------------------------------

সেন্ট্রেল বোর্ড অফ ডারেক্ট টেক্সেস ( সি বি ডি টি ) ইনকাম টেক্স রিটার্নের এর শেষ তারিখ চলতি বছরের ৩১ শে জুলাই থেকে বৃদ্ধি করে ১৫ ই সেপ্টেম্বর করা হয়েছে । সি বি ডিটি এক বিবৃতিতে বলেছে যে এই বৃদ্ধি ইনকাম টেক্স রিটার্ন এর ফর্ম

যথাযথভাবে পূরণ করতে সহায়তা করবে । এছাড়া এরফলে সকলের সঠিকভাবে রিটার্ন ফর্ম পূরণের অভীজ্ঞতা ও হবে ।

---------------------------------------------------------------------------------

সাংসদ সুপ্রিয়া সুলের নেতৃত্বে দেশের এক সর্বদলীয় সংসদ দল কাতারের সরকারী সফর শেষ করেছে । পেহেলগামে গত ২২ এপ্রিল সংঘটিত সন্ত্রাসবাদী আক্রমণ ও অপারেশন সিন্দুরের মাধ্যমে ভারতের জবাবের পর বেশকয়েকটি সর্বদলীয় প্রতিনিধি দল বিভিন্ন দেশ সফর করেছে । সাংসদ সুলের নেতৃত্বে দলটি চারটি দেশ সফর করবে এবং প্রথম পর্যায়ে কাতার সফর সম্পূর্ণ করেছে । দলটি আজ সফরের দ্বিতীয় পর্যায়ে দক্ষিণ আফ্রিকার উদ্দেশ্যে রওয়ানা হবে । এই দলে সাংসদ সুপ্রিয়া সুলে ছাড়াও সাংসদ রাজীব প্রতাপ রোডী , বিক্রমজিৎ সিং সেহনি ,মণীষ তেওয়ারী ,অনুরাগ সিং ঠাকুর এবং লাভু শ্রীকৃষ্ণ দেভারায়ালু , প্রাক্তন শিল্প -বাণিজ্য মন্ত্রী আনন্দ শর্মা , প্রাক্তন বিদেশ প্রতি মন্ত্রী ভি মুরলীধরণ এবং রাষ্ট্রসংঘে ভারতের প্রাক্তন স্থায়ী প্রতিনিধি সৈয়দ আকবরুদ্দিন রয়েছেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধমেন্দ্র প্রধান আজ বলেছেন যে জাতীয় শিক্ষানীতি ২০২০ দেশের ঐতিহ্যবাহী মূল্যবোধ সংরক্ষণের পাশাপাশি ভবিষ্যতের শিক্ষার জন্য তাৎপর্যপূর্ন । নতুনদিল্লীতে মিডিয়া নেটওয়র্ক শিক্ষা সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী বলেন যে জাতীয় শিক্ষানীতি একটি দূরদর্শী পরিকাঠামো হিসেবে এসেছে যা ভারতে শিক্ষার ভবিষ্যত গঠন করবে । তিনি আরো বলেন যে ভারত শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং পরিকাঠামো , অর্ন্তভুক্তি এবং আধুনিকীকরণের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে । শিক্ষা সর্বদা দেশের যুব সমাজের কাছে একটি মূল স্তম্ভ এবং প্রধান আকর্ষণ বলে উল্লেখ করে তিনি বলেন যে জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি দূরদর্শী হিসেবে কাঠামো হিসেবে বিকশিত হয়েছে যা দেশের শিক্ষার ভবিষ্যতকে প্রভাবিত করছে । দেশে ৫ থেকে ২৩ বছর বয়সের প্রায় ৩০ কোটি শিক্ষার্থী রয়েছে যা শিক্ষাখন্ডে সংস্কারের তাৎপর্যকে তুলে ধরে বলেও কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার স্বাস্থ্য পরিকাঠামোয় সম্প্রতি এক নতুন মাইল ফলক যুক্ত হয়েছে । কাছাড় জেলার ছোট মামদা মডেল হাসপাতালে গত ২০মে প্রথমবারের মতো সফলভাবে সিজারিয়ান অপারেশন সম্পন্ন হয়েছে । এ নিয়ে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই

বলেন যে সরকার দূর্গম অঞ্চলে আধুনিক চিকিৎসা পৌছে দিতে অঙ্গীকারবদ্ধ এবং এ ক্ষেত্রে স্বাস্থ্যকর্মীরা নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে কাজ করছেন । ছোট মামদা হাসপাতালে সিজারিয়ান অপারেশন প্রমান করে সরকার প্রতিটি মায়ের জন্য নিরাপদ মাতৃত্ব নিশ্চিত্ব করতে কতটা প্রতিশ্রুতিবদ্ধ বলে উল্লেখ করে মন্ত্রী শ্রী রাই একজন গর্ভবতী চা শ্রমিকও যেন এই প্রকল্পের সুফল থেকে বঞ্চিত না হন , তা নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করেন । । সভায় অন্যান্যদের মধ্যে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , বড়খলার বিধায়ক মিসবাহুল ইসলাম লস্কর সহ স্বাস্থ্য বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের খাদ্য , গন বন্টন , গ্রাহক বিষয়ক ,খনিজ সম্পদ এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচর ও কাটিগড়ায় বেশ কিছু উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি পরিদর্শন করেন । মন্ত্রী শ্রী রাই আজ প্রথমে কাটিগড়ার গ্যামন সেতুর সংস্কার কাজ পরিদর্শন করে স্থানীয় জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেন এবং আগামী ২৯শে মে থেকে জনসাধারণের জন্য বিকল্প পরিবহন ব্যবস্থা হিসেবে বিনামূল্যে ফেরী পরিষেবা চালু করা হবে বলে জানান । এরপর মন্ত্রী শিলচর শ্রীকোনায় নির্মিয়মান বরাক উপত্যকা সচিবালয় , শিলচর মেডিকেল কলেজের নতুন ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ভবনের পরিকাঠামো ও পরিষেবা নিয়ে পর্য্যালোচনা করেন । এছাড়া ইন্টিগ্রেটেড জেলা আয়ুক্তের কার্য্যলয় প্রকল্পের অগ্রগতি , শিলকুড়ির কনভেনশন সেন্টারও তিনি পরিদর্শন করেন ।

---

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গন বন্টন প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া আজ হাইলাকান্দি জেলার লালামূখ গ্রামের অধীন গাগলাছড়ায় থাকা পনির উৎপাদন কেন্দ্র পরিদর্শন করে সন্তোষ ব্যাক্ত করেছেন । পরে মন্ত্রী স্থানীয় মহিলা আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যদের সঙ্গে মত বিনিময় করে তাদের স্বাবলম্বী মূলক প্রকল্পের সুযোগ গ্রহন করার আহ্বান জানান । এর আগে কেন্দ্রীয় মন্ত্রী নিমুবেন জয়ন্তীবেন বামভানিয়া দক্ষিন হাইলাকান্দি ব্লকের সুলতানিছড়ায় ৮০ নম্বর সুলতানি মডেল অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করে শিশু ও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করেন । এছাড়া মন্ত্রী ঘাড়মূরায় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র , অলইছড়ায় কৃষি বিভাগের উদ্যোগে ১০ বিঘা জমিতে পাম তৈল বীজ নার্সারী পরিদর্শন করেন । মন্ত্রীর সঙ্গে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

যুব সংগঠন এ আই ডি ওয়াই ও-র কাছাড় জেলা কমিটির তৃতীয় যুব সম্মেলন আজ শিলচর মধ্যশহর সাংস্কৃতিক সংস্থার প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে । সম্মেলনের শুরুতে সংগঠনের জেলা সভাপতি অঞ্জন কুমার চন্দ পতাকা উত্তোলন করেন । পরে বিভিন্ন দাবীর সর্মথনে সংগঠনের পক্ষ থেকে একটি র‍্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে। সম্মেলনে দিলীপ কুমার রী-কে সভাপতি ও পরিতোষ ভট্টাচার্য্যকে সাধারন সম্পাদক মনোনীত করে সংগঠনের ২৪ সদস্য বিশিষ্ট কাছাড় জেলা কমিটি গঠন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী দোসরা জুন বদরপুর টেনিস গ্রাউন্ড কলোনীর অখন্ড মন্ডলীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

-------------------------------------------------------------------------------------